রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৪ সনের ৪৮ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ২৮, ২০২৪

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৯২৩—৯৩০ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ২৬৪৯—২৬৭৫ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২২০৫—২২৩১ |
| ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধঃস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৮১—৮২ |
| ক্রোড়পত্র—সংখ্যা | নাই |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**সুরক্ষা সেবা বিভাগ**
**কারা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১২ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ/২৭ নভেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৫৮.০০.০০০০.০৮৫.০৪.০০৭.২৪-৩৫৬**—জনাব ডাঃ সৈয়দ আব্দুল্লাহ মোহাম্মদ তাহের (সাবেক এমপি ও নায়েবে আমীর, বাংলাদেশ জামায়াতে ইসলামী) এঁর সাজা স্থগিতের বিষয়ে দাখিলকৃত আবেদন এবং আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মতামতের আলোকে The Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898)-এর ধারা ৪০১(১) এ প্রদত্ত ক্ষমতাবলে চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত নং-১৫, ঢাকা কর্তৃক রামপুরা থানার মামলা নং-৩৩(৯)২০১৮, জি.আর মামলা নং-৪১১/২০১৮-এ তাঁর বিরুদ্ধে প্রদত্ত দণ্ডাদেশ বিজ্ঞ আদালতে আপিল দায়েরের নিমিত্ত বিনাশর্তে ০১ (এক) বছরের জন্য নির্দেশক্রমে স্থগিত করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আবু সাঈদ মোল্লা**
উপসচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**বিশেষায়িত ব্যাংক- ১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৫ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ/১০ নভেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৫৩.০০.০০০০.৩২১.০২.০০১.২৪.৯৩**—কর্মসংস্থান ব্যাংক আইন, ১৯৯৮ এর ৬(৩) উপধারায় প্রদত্ত ক্ষমতাবলে উক্ত ব্যাংকের অনুমোদিত মূলধন ১০০০ কোটি টাকা হতে ২০০০ কোটি টাকা এবং ৭(৪) উপধারায় প্রদত্ত ক্ষমতাবলে পরিশোধিত মূলধন ৫৫৯ কোটি টাকা হতে পুনঃমূলধন হিসেবে সংরক্ষিত ১০০০ কোটি টাকা পরিশোধিত মূলধন হিসাবে স্থানান্তরপূর্বক ১৫৫৯ কোটি টাকায় উন্নীত করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সারমিন সুলতানা**
উপসচিব।

---

**কেন্দ্রীয় ব্যাংক অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২১ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ/০৬ নভেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৫৩.০০.০০০০.৩১১.১১.০১১.১৭-১৭৭**—দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লিঃ-এর পরিমেল বিধির ২৫ নং বিধি অনুযায়ী উক্ত প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সচিব জনাব মোঃ আবদুর রহমান খান এফসিএমএ-কে পুনরাদেশ না দেয়া পর্যন্ত নিয়োগ প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আফছানা বিলকিস**
উপসচিব।

---

**জাতীয় রাজস্ব বোর্ড**
**[কাস্টমসঃ রপ্তানি ও বন্ড শাখা]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৫ কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ/৩১ অক্টোবর, ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ৪৮/২০২৪/কাস্টমস/৪৯৫**—কাস্টমস আইন, ২০২৩ এবং ধারা ১২ (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক কাস্টম হাউস, চট্টগ্রাম হতে ১ কিলোমিটার (প্রায়) দূরে বন্দর সংরিক্ষত এলাকায় অবস্থিত মেসার্স সী ওয়েজ বন্ডেড ওয়্যারহাউস লিঃ (বন্ড লাইসেন্স নং-এস-৮-৪৯/৮৯ (HB301SB04987), তারিখ: ২৬-০৮-১৯৮৯ খ্রিঃ) নামীয় বেসরকারি বন্ডেড ওয়্যারহাউস (শীপ স্টোরস প্রভিশন্স) এর অনুকূলে ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য নিম্নরূপ আমদানি প্রাপ্যতা প্রদান করা হলো:

| ক্রঃ নং | পণ্যের বিবরণ | আমদানি প্রাপ্যতা (মাঃ ডলার) |
|---|---|---|
| ০১ | প্রভিশন ও ফুড, বন্ডেড ষ্টোর (Provision & Food, bonded Stores) | ০.০০ |
| ০২ | এ্যালকোহলিক বেভারেজ (ওয়াইন, ভোদকা, হুইস্কি এবং বিয়ার) | ৫০,০০০.০০ |
| ০৩ | লুব্রিকেন্টস, লুব্রিকেটিং অয়েল, পেইন্ট, থিনার | ৪,০০,০০০.০০ |
| | মোট= | ৪,৫০,০০০.০০<br>(চার লক্ষ পঞ্চাশ হাজার) মার্কিন ডলার |

**এইচ এম আহসানুল কবীর**
দ্বিতীয় সচিব (কাস্টমসঃ রপ্তানি ও বন্ড)।

---

**রেলপথ মন্ত্রণালয়**
**প্রশাসন-৫ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ:২০ কার্তিক ১৪৩১/০৫ নভেম্বর ২০২৪

**নং ৫৪.০০.০০০০.০৪০.১৮.০২৫.১৬.২৩০**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২১-০৩-২০২৪ তারিখের ০৫.০০.০০০০.১৪৭.১১.০১৩.২৩-৮৭ নং প্রজ্ঞাপনমূলে ৪১ তম বিসিএস (রেলওয়ে: পরিবহন ও বাণিজ্যিক) ক্যাডারে "সহকারী ট্রাফিক সুপারিনটেনডেন্ট" পদে নিয়োগপ্রাপ্ত জনাব মোঃ আবু রায়হান-এর আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের অধীন নিবন্ধন অধিদপ্তর, সাব-রেজিস্ট্রার [নন-ক্যাডার (১ম শ্রেণি)] পদে খুলনা জেলার রূপসা উপজেলায় ০১-০৮-২০১৭ হতে ২৭-০৪-২০২৪ তারিখ পর্যন্ত পূর্ব চাকরিকাল (আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, আইন ও বিচার বিভাগের প্রজ্ঞাপন নং আর-৬/১ এম-১৪/২০১৭-১৯৯, তারিখ ৩৩৩২৩.০৭.২০১৭ মূলে নিয়োগপ্রাপ্ত) বিএসআর (পার্ট-১) এর ৪২ (২) এবং ৩০০ (বি) বিধির মর্মানুসারে বর্তমান চাকরির সাথে গণনাপূর্বক বেতন সংরক্ষণ ও পেনশন গণনার অনুমতি প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**উজ্জ্বল কুমার ঘোষ**
উপসচিব।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৪**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৬ কার্তিক ১৪৩১/১১ নভেম্বর ২০২৪

নং **১০.০০.০০০০.১২৮.১৫.০০১.২০-৬৪৮**—বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ঢাকা, যশোর, ফরিদপুর, কুমিল্লা, নোয়াখালী, টাঙ্গাইল, খুলনা, রংপুর, বরিশাল, সিলেট, বগুড়া, পাবনা, ময়মনসিংহ, কিশোরগঞ্জ, নেত্রকোণা, শেরপুর, জামালপুর, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, রাজবাড়ী, শরীয়তপুর, মাদারীপুর, গোপালগঞ্জ, ব্রাহ্মণবাড়ীয়া, চাঁদপুর, লক্ষ্মীপুর, ফেনী, সাতক্ষীরা, বাগেরহাট, নীলফামারী, লালমনিরহাট, কুড়িগ্রাম, গাইবান্ধা, পিরোজপুর, ঝালকাঠি, ভোলা, সুনামগঞ্জ, হবিগঞ্জ, মৌলভীবাজার, জয়পুরহাট, সিরাজগঞ্জ, গাজীপুর, নরসিংদী, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, দিনাজপুর, ঠাকুরগাঁও, পঞ্চগড়, চট্টগ্রাম, কক্সবাজার, পটুয়াখালী ও বরগুনা জেলার ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল এবং ল্যান্ড সার্ভে আপিল ট্রাইব্যুনালের বিচারক কর্তৃক বদলীকৃত মামলাসমূহ বিচার ও নিষ্পত্তির জন্য State Acquisition and Tenancy Act, 1950 (Act No. XXVIII of 1951)-এর section 145A-এর sub-section (3C) অনুযায়ী স্ব স্ব জেলার সিনিয়র সহকারী জজ/সহকারী জজ-কে নিজ দায়িত্বে অতিরিক্ত হিসেবে ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনালের বিচারক এবং একই আইনের section 145B-এর sub-section (3C) অনুযায়ী স্ব স্ব জেলার অতিরিক্ত জেলা জজ- কে নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে ল্যান্ড সার্ভে আপিল ট্রাইব্যুনালের বিচারক হিসেবে নিয়োগ প্রদান-সংক্রান্ত এ বিভাগ কর্তৃক গত ৩০-০৭-২০২৪ খ্রি. তারিখে নম্বর : ১০.০০.০০০০.১২৮.১৫.০০১.২০-৩৯২ স্মারকমূলে জারীকৃত প্রজ্ঞাপনের মেয়াদ ০৩ (তিন) মাসের জন্য বর্ধিত করা হলো।

২। এ আদেশ ভূতাপেক্ষভাবে ১ নভেম্বর ২০২৪ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ.এফ.এম গোলজার রহমান**
উপসচিব (প্রশাসন-১)।

---

**জাতীয় রাজস্ব বোর্ড**
**[কাস্টমসঃ রপ্তানি ও বন্ড শাখা]**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২২ কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ/০৭ নভেম্বর, ২০২৪ খ্রি.

নং **৫১/২০২৪/কাস্টমস/৫০৭**—কাস্টমস আইন, ২০২৩ এবং ধারা ১২(২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, আখাউড়া স্থল শুল্ক স্টেশনে অবস্থিত মেসার্স বেলাজিও লিঃ (বন্ড লাইসেন্স নং- ০১/কাস-পিবিডব্লিউ/আখাউড়া/২০১৫, তারিখঃ ০১-০৭-২০১৫ খ্রিঃ) এর অনুকূলে ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য নিম্নরূপ বার্ষিক আমদানি প্রাপ্যতা প্রদান করিল, যথা :

| ক্রমিক নং | পণ্যের বিবরণ | আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার) |
|---|---|---|
| ০১. | সিগারেট, সিগার ও টোব্যাকো | ৭০,০০০·০০ |
| ০২. | লিকার ও অন্যান্য ড্রিংকস (মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অনুমতি সাপেক্ষে) | ১৩,০০০·০০ |
| ০৩. | কসমেটিক্স ও টয়লেট্রিজ সামগ্রী | ৩,০০০·০০ |
| ০৪. | কনফেকশনারী, ইলেক্ট্রনিক্স, গিফট আইটেম, জুয়েলারী ও নন অ্যালকোহলিক বেভারেজ | ২,০০০·০০ |
| | সর্বমোট = | ৮৮,০০০·০০ (আটাশি হাজার) মাঃ ডঃ |

তারিখ : ২৫ কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ/১০ নভেম্বর, ২০২৪ খ্রি.

নং **৫২/২০২৪/কাস্টমস/৫১২**—কাস্টমস আইন, ২০২৩ এবং ধারা ১২(২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ওসমানী আন্তর্জাতিক বিমান বন্দরে অবস্থিত মেসার্স এইচ. এম এন্টারপ্রাইজ নামীয় ডিউটি ফ্রি শপ (বন্ড লাইসেন্স নং- ০১/কাস-এসবিডাব্লিউ/২০১৭, তারিখঃ ১৯-০৩-২০১৭ খ্রিঃ) এর অনুকূলে ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য নিম্নবর্ণিত আমদানি প্রাপ্যতা নির্ধারণ করিল, যথা :

| ক্র. নং | আমদানিকৃত পণ্য | ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য বার্ষিক আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার) |
|---|---|---|
| ০১. | সিগারেট ও তামাকজাত | ৫,০০০·০০ |
| ০২. | মদ/লিকার (মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অনুমতি সাপেক্ষে) | ৪০,০০০·০০ |
| ০৩. | কসমেটিক্স ও টয়লেট্রিজ | ২,৫০০·০০ |
| ০৪. | খাদ্য সামগ্রী ও অন্যান্য | ২,৫০০·০০ |
| | সর্বমোট = | ৫০,০০০·০০ (পঞ্চাশ হাজার) মা. ডলার |

**এইচ এম আহসানুল কবীর**
দ্বিতীয় সচিব (কাস্টমসঃ রপ্তানি ও বন্ড)।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**শৃঙ্খলা-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২১ কার্তিক ১৪৩১/০৬ নভেম্বর ২০২৪

নং **৪৪.০০.০০০০.০৫৭.২৭.০১৩.২৪-১৮৪**—যেহেতু, জনাব মিলু মিয়া বিশ্বাস (বিপি-৭৩০৬১১৪৬২৯), বর্তমানে কমান্ড্যান্ট (পুলিশ সুপার), ইন-সার্ভিস ট্রেনিং সেন্টার, মহালছড়ি, খাগড়াছড়ি ইতঃপূর্বে বিশেষ পুলিশ সুপার, সিআইডি রংপুর হিসাবে কর্মরত থাকাকালে গত ২২-১২-২০২০ তারিখ একটি অপহরণ মামলার ভিকটিম ডাঃ মোছাঃ আয়েশা সিদ্দিকা মিতু ও তার শিশু পুত্র মোঃ দানিয়াল আজনাল (০৭)-কে উদ্ধার করে আসামী মোঃ রফিকুল ইসলাম বাপ্পিকে গ্রেফতারপূর্বক সিআইডি, রংপুর মেট্রো কার্যালয়ে নিয়ে আসার পরে উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে আসামী ও ভিকটিমকে সংবাদ কর্মীদের সামনে উপস্থাপন করে বক্তব্য প্রদানের কারণে তাদের ছবি ২৭-১২-২০২৩ তারিখ সংবাদ মাধ্যমে প্রকাশিত হয় যা নারী ও শিশুর পরিচয় প্রকাশের ব্যাপারে মহামান্য হাইকোর্টের নির্দেশনার পরিপন্থি এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুসারে 'অসদাচরণ' হওয়ায় উক্ত বিধিমালার অধীনে বিভাগীয় মামলা রুজু করে কৈফিয়ত তলব করা হয়;

যেহেতু, উক্ত বিভাগীয় মামলায় অভিযুক্ত কর্মকর্তা কৈফিয়তের জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদনের পরিপ্রেক্ষিতে বিগত ৩০-১০-২০২৪ তারিখ ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানিকালে অভিযুক্ত কর্মকর্তার প্রদত্ত বক্তব্য, অভিযুক্তের লিখিত জবাব, অভিযোগ বিবরণী ও অভিযোগনামা পর্যালোচনায় আলোচ্য অভিযোগের সাথে অভিযুক্ত কর্মকর্তার সম্পৃক্ততার প্রমাণ পাওয়া যায়না;

সেহেতু, জনাব মিলু মিয়া বিশ্বাস (বিপি-৭৩০৬১১৪৬২৯), বর্তমানে কমান্ড্যান্ট (পুলিশ সুপার), ইন-সার্ভিস ট্রেনিং সেন্টার, মহালছড়ি, খাগড়াছড়ি ইতঃপূর্বে বিশেষ পুলিশ সুপার, সিআইডি রংপুর-এর বিরুদ্ধে রুজুকৃত ০১১/২০২৪ নং বিভাগীয় মামলার দায় হতে তাকে অব্যাহতি প্রদান করা হলো।

জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ২৭ কার্তিক ১৪৩১/১২ নভেম্বর ২০২৪

নং **৪৪.০০.০০০০.০৫৭.২৭.০২৮.২২-১৯৬**—যেহেতু, জনাব মোঃ আসাদুজ্জামান গনী (বিএভি-১২০০৬৩) পরিচালক, বরিশাল রেঞ্জ, বরিশাল ইতঃপূর্বে পরিচালক, ১৩ আনসার ব্যাটালিয়ন, রামগঞ্জ, লক্ষীপুর হিসাবে কর্মরত থাকাকালে গত ০৩-০১-২০২২ তারিখ সরকারি গাড়িযোগে তার রানার ব্যাটালিয়ন আনসার জনাব মোঃ রবিন মিয়াসহ কুমিল্লা রেঞ্জ কার্যালয়ের সভায় যোগদানের উদ্দেশ্যে রওনা দেন। কিন্তু গাড়ি চালানোর জন্য অনভিজ্ঞ-অদক্ষ চালককে নির্বাচন করা, রাস্তা অনুসরণের বিষয়ে কোনো ধরনের ব্রিফিং প্রদান না করে উল্টোপথে কুমিল্লা যাওয়ার সময় গাড়িটি সড়ক দুর্ঘটনায় পতিত হওয়া এবং দুর্ঘটনা পরবর্তী সময়ে যে ঘাতক ট্রাকের সাথে সংঘর্ষ হয় তার বিরুদ্ধে যথাযথ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে না পারা এবং গাড়ীটি ক্ষতির সম্মুখীন হওয়ার অভিযোগে গত ২৮-১১-২০২৩ তারিখ তার বিরুদ্ধে ০১৯/২০২২ নম্বর বিভাগীয় মামলা রুজুপূর্বক তাকে কারণ দর্শানো হয়। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৭ এর ১(খ) অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তিনি লিখিত জবাব দাখিল করেননি এবং জবাব দাখিলের জন্য সময় বৃদ্ধির আবেদন না করায় তার ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়নি; এবং

২। যেহেতু, দীর্ঘদিন লিখিত জবাব দাখিল না করায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৭(২)(ঘ) বিধি মোতাবেক তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা কর্তৃক সকল বিধি-বিধান প্রতিপালনপূর্বক সরেজমিনে তদন্ত শেষে দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং পুনঃতদন্ত প্রতিবেদনে অভিযুক্তের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ২(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ'-এর আওতায় পড়ে না মর্মে মন্তব্য করা হয়েছে;

৩। সেহেতু, জনাব মোঃ আসাদুজ্জামান গনী (বিএভি-১২০০৬৩) পরিচালক, বরিশাল রেঞ্জ, বরিশাল ইতঃপূর্বে পরিচালক, ১৩ আনসার ব্যাটালিয়ন, রামগঞ্জ, লক্ষীপুর-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন, পুনঃতদন্ত প্রতিবেদন এবং অন্যান্য প্রাসঙ্গিক দলিলপত্রাদি বিবেচনায় তাকে ভবিষ্যতে সরকারি দায়িত্ব পালনের ক্ষেত্রে আরও সর্তকর্তা অবলম্বনের নির্দেশ দিয়ে আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোহাম্মদ আবদুল মোমেন**
সিনিয়র সচিব।

---

**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০৮ কার্তিক ১৪৩১/২৪ অক্টোবর ২০২৪

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৯০.২৪-৫৫৯/১**—যেহেতু জনাব আবদুর রকিব (বিপি-৭২৯৮০৬২৫৪৬) নিরস্ত্র পুলিশ পরিদর্শক, বর্তমানে এসবি, ঢাকা, হিসেবে কর্মরত আছেন। আপনি গত ০০.০০.০০০০ হতে ০০.০০.০০০০ খ্রিঃ পর্যন্ত চাঁদপুর জেলার ফরিদগঞ্জ থানার অফিসার ইনচার্জ হিসেবে কর্মরত থাকাকালে আপনার অধীনস্থ এএসআই (নিঃ) মোঃ মঞ্জুর আলম, পিসিসি নং ৫৩/২০ তাং: ১৪-০১-২০২০ খ্রিঃ মূলে সজীয় ফোর্সসহ বাজার এলাকায় রাত্রিকালীন টহল ডিউটিতে নিয়োজিত ছিলেন। গত ১৫-০১-২০২০ খ্রিঃ রাত ০১:১৫ ঘটিকায় ফরিদগঞ্জ পৌরসভাধীন ফরিদগঞ্জ বাজারের কেরোয়া ব্রীজের উপর প্রকাশ্য মোঃ শাকিল (১৮) (পিতা: মৃত সিরাজ মিয়া, সাং-বালিথবা, থানা: ফরিদগঞ্জ, জেলা: চাঁদপুর) কে নেশা জাতীয় দ্রব্য সেবন করে বেসামাল অবস্থায় হৈ-হুল্লা ও চিৎকার করে জনসাধারনের বিরক্তি সৃষ্টি করার কারণে পুলিশ আইনের ৩৪(৬) ধারায় গ্রেফতার করে তার বিরুদ্ধে ফরিদগঞ্জ থানার ননএফআইআর প্রসিকিউশন নং ৮/২০২০, তাং ১৫-০১-২০২০ খ্রিঃ ধারা ৩৪(৬) পুলিশ আইনে দাখিল করলে তার উক্ত ননএফআইআর প্রসিকিউশন ১৫-০১-২০২০ খ্রিঃ অগ্রগামী করেন। থানার অফিসার ইনচার্জ এর দায়িত্ব হচ্ছে কোনো আসামীকে গ্রেফতার করা হলে ডিউটি অফিসারকে জিজ্ঞাসাবাদ, থানার জিডি বই দেখে এবং হাজতে আসামীকে প্রাথমিক জিজ্ঞাসাবাদ, আসামীকে কি কারণে ও কখন গ্রেফতার করা হয়েছে ইত্যাদি যাচাই করে নিশ্চিত হয়ে ননএফআইআর প্রসিকিউশন বিজ্ঞ আদালতে দাখিলের নিমিত্ত অগ্রগামী করা। কোনো আসামীকে গ্রেফতার করা হলে কি কারণে, কখন গ্রেফতার করা হয়েছে ইত্যাদি যাচাই করতঃ নিশ্চিত হয়ে ননএফআইআর প্রসিকিউশন অগ্রগামী করার বিধান থাকলেও আপনি তা না করে উক্ত ননএফআইআর প্রসিকিউশন বিজ্ঞ আদালতে অগ্রগামী করেন। উক্ত এএসআই (নিঃ) মোঃ মঞ্জুর আলম গ্রেফতারকৃত আসামী মোঃ শাকিব' কে যথাসময়ে থানায় হাজির না করে ১৩ ঘণ্টা ১৫ মিনিট অবৈধভাবে নিজ হেফাজতে রেখেছেন। আপনি অফিসার ইনচার্জ হিসেবে আপনার অধিনস্থ এএসআই এর কার্যক্রম যথাযথভাবে তদারকী করতে ব্যর্থ হয়েছেন। যার দায় দায়িত্ব আপনি অফিসার ইনচার্জ হিসেবে কোনো মতেই এড়াতে পারেননা। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল)

বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(খ) মোতাবেক "লঘুদণ্ড" হিসেবে "০১ (এক) বছরের জন্য ১টি বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত" এর আদেশ প্রদান করা হয়। প্রদত্ত দণ্ডে সংক্ষুব্ধ হয়ে আপনি এ বিভাগে আপিল আবেদন করেন; এবং

২। যেহেতু,আপনার আবেদন অনুযায়ী গত ০৯-১০-২০২৪ তারিখ তার আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকার পক্ষের প্রতিনিধি অভিযোগের স্বপক্ষে বক্তব্য রাখেন। অপরদিকে আপিলকারী কর্মকর্তা তার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকারপূর্বক দণ্ড মওকুফের প্রার্থণা করেন; এবং

৩। যেহেতু, আপনার বিরুদ্ধে আনী অভিযোগ, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত লিখিত জবাব, আপিল শুনানি কালে পক্ষগণের বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তাকে প্রদত্ত দণ্ড যথার্থ হয়েছে মর্মে প্রতীয়মান হয়;

৪। সেহেতু, জনাব আবদুর রকিব (বিপি-৭২৯৮০৬২৫৪৬), পুলিশ পরিদর্শক, বর্তমানে এসবি, ঢাকা-কে প্রদত্ত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(খ) মোতাবেক 'লঘুদণ্ড' হিসেবে '০১ (এক) বছরের জন্য ১টি বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত' এর আদেশ প্রদান করা হয় দণ্ডাদেশ মাত্রাতিরিক্ত প্রতীয়মান হওয়ায় দণ্ডাদেশ হ্রাস করে বিধি-৪(২)(ক) মোতাবেক 'তিরস্কার' দণ্ডের আদেশ প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ১৫ কার্তিক ১৪৩১/৩১ অক্টোবর ২০২৪

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.১২৩.২৪-৫৬৬**—যেহেতু, আপনি নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ আমিরুল ইসলাম, বিপি-৬৯৯৮ ০০৯৬৬৯ বর্তমানে লালমনিরহাট জেলার জেলা গোয়েন্দা শাখার অফিসার ইনচার্জ হিসেবে কর্মরত আছেন। প্রাথমিক অনুসন্ধান প্রতিবেদন, অভিযোগনামা, অভিযোগনামার জবাব ও নথিতে রক্ষিত সংশ্লিষ্ট রেকর্ড-পত্র পর্যালোচনায় দেখা যায়, আপনি দিনাজপুর জেলার ঘোড়াঘাট থানায় অফিসার ইনচার্জ হিসেবে কর্মরত থাকাকালীন মোঃ বদিউজ্জামান বদি এবং বিবাদীদের মধ্যে জমি-জমা নিয়ে বিরোধের বিষয়টি তিনি অবগত ছিলেন। জমিজমা সংক্রান্ত দায়েরকৃত মামলার বিরোধের নিষ্পত্তির বিষয়টি সম্পূর্ণ বিজ্ঞ আদালতের এখতিয়ার কৃত অন্যদিকে আইন-শৃঙ্খলা বিষয়ে কোনো ধরনের ঘটনা সংঘটিত হওয়া বা সংঘটিত হওয়ার খবর পাওয়া গেলে তা নিয়ন্ত্রণ করার দায়িত্ব সংশ্লিষ্ট স্থানীয় থানা পুলিশের উপর বর্তায়। গত ২৮-১২-২০১৭ খ্রিঃ মোঃ ফারজানুল আলম অভিযোগকারী মোঃ বদিউজ্জামান বদি এর বাড়ি-ঘর লুটপাট করে ২টি ছনের ঘর পুড়িয়ে দেয়। উক্ত ঘটনার ২ দিন পর অভিযোগকারী একাই দুপুর অনুমান ২.০০ ঘটিকায় ঘোরাঘাট থানায় যান এসআই (নিঃ) আল-আমিন এর সাথে দেখা করেন এবং মামলা গ্রহণ করার কথা বলেন। উক্ত এসআই আদালতের রায় নিয়ে তারপর থানায় আসতে বলেন মর্মে অভিযোগকারী তার জবানবন্দিতে জানান। এছাড়াও অভিযোগকারী অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে কোনো অভিযোগ করেন নি। কিন্তু উক্ত এসআই কোনো আইনগত ব্যবস্থা গ্রহণ না করে এবং উক্ত বিষয়টি অফিসার ইনচার্জকে (অভিযুক্ত কর্মকর্তা) অবগত না করে তাকে অভিযোগকারীকে বিজ্ঞ আদালতে যাওয়ার পরামর্শ দেন; দায়িত্ব ও কর্তব্য পালনে অবহেলা, এর সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি (৪)২(ক) মোতাবেক লঘুদণ্ড হিসেবে 'তিরস্কার' এর আদেশ প্রদান করা হয়। প্রদত্ত দণ্ডে সংক্ষুব্ধ হয়ে তিনি এ বিভাগে আপিল আবেদন করেন; এবং

২। যেহেতু, তার আবেদন অনুযায়ী ১৬-১০-২০২৪ তারিখ আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকার পক্ষের প্রতিনিধি অভিযোগের স্বপক্ষে বক্তব্য রাখেন। অপরদিকে অভিযুক্ত কর্মকর্তা তার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকারপূর্বক দণ্ড মওকুফের প্রার্থণা করেন; এবং

৩। যেহেতু, আনীত অভিযোগ, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত লিখিত জবাব, আপিল শুনানি কালে পক্ষগণের বক্তব্য, এবং প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগের সত্যতা পাওয়া যায়নি মর্মে প্রতীয়মান হয়;

৪। সেহেতু, ভবিষ্যতে সরকারি দায়িত্ব পালনের ক্ষেত্রে আরও সতর্কতা অবলম্বনের নির্দেশ দিয়ে নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ আমিরুল ইসলাম (বিপি-৬৯৯৮০০৯৬৬৯), বর্তমানে লালমনিরহাট জেলার জেলা গোয়েন্দা শাখার অফিসার ইনচার্জ হিসেবে কর্মরত-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(ক) মোতাবেক প্রদত্ত "তিরস্কার" দণ্ডাদেশ সার্বিক পর্যালোচনায় মওকুফ করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৬১.২০২৩-৫৬৭**—যেহেতু, আপনি জনাব মোঃ মশিয়ার রহমান (বিপি-৮৮১৪১৬৬২৮৪), সহকারী পুলিশ সুপার, বর্তমানে সাময়িক বরখাস্ত এবং রেঞ্জ ডিআইজি অফিস, সিলেটে সংযুক্ত গত ২৩-০৪-২০১২ তারিখ রাত আনুমানিক ০৮:৩০ ঘটিকার সময় সিলেট জেলার এয়ারপোর্ট থানাধীন লাক্কাতুরা সাঁওতাল পাড়াস্থ ২ নম্বর গেইট সংলগ্ন এলাকায় মাতাল অবস্থায় পড়ে থাকতে দেখে স্থানীয় লোকজন পুলিশকে খবর দেয়। স্থানীয় লোকদের কাছ থেকে খবর পেয়ে সিয়েরা-৩১ ডিউটি পার্টির ইনচার্জ এসআই (নিরস্ত্র) মোঃ সাইফুল ইসলাম ঘটনাস্থলে যান এবং পুলিশের আইডি কার্ড ঝুলানো অবস্থায় আপনাকে রাস্তার পার্শ্বে অচেতন অবস্থায় পড়ে থাকতে দেখেন। বিষয়টি অফিসার ইনচার্জকে অবগত করতঃ তার নির্দেশক্রমে আপনাকে চিকিৎসার জন্য দ্রুত সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়ার জন্য রওনা করা হয়; এবং

২। যেহেতু, পথিমধ্যে এসএমপি কোতয়ালী থানাধীন চৌহাট্টা পয়েন্টে আপনার জ্ঞান ফিরলে আপনি গাড়ি থামিয়ে এসআই (নিরস্ত্র) মোঃ সাইফুল ইসলামকে বলেন হাসপাতালে না নিয়ে হোটেল গুলশানে আপনাকে নিয়ে যাওয়ার জন্য। কিন্তু আপনার চিকিৎসার প্রয়োজন এবং অসুস্থতার কথা পুনরায় বলায় আপনি রেগে গিয়ে বলেন "আমি এএসপি মশিয়ার, ৩৩ ব্যাচের, আমি মদ খেয়েছি; আমি যেটা বলি, সেটা কর"। এসআই (নিরস্ত্র) মোঃ সাইফুল ইসলাম বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করলে আপনাকে আপনার কথামত হোটেলে পৌছে দেয়ার নির্দেশ দেয়া হয়; এবং

৩। যেহেতু, উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে এসআই (নিরস্ত্র) মোঃ সাইফুল ইসলাম গাড়িসহ আপনাকে নিয়ে হোটেল গুলশানের উদ্দেশ্যে যায়। তখন আপনি গাড়ির থেকে নেমে পুলিশ সদস্যদের উদ্দেশ্যে তাদের চাকরি খেয়ে ফেলা এবং দেখে নেয়ার হুমকি প্রদানসহ অকথ্য ভাষায় গালিগালাজ করেন। এছাড়াও গুলশান হোটেলের অভ্যর্থনা ডেস্কের নিকট পৌছালে হোটেল ম্যানেজার এবং অন্যান্যদের উপস্থিতিতে আপনার পিছু নেয়া পুলিশ সদস্যদের পুনরায় গালিগালাজ করেন। আপনার এহেন কর্মকাণ্ডের কারণে জনসম্মুখে পুলিশের ভাবমূর্তি চরমভাবে ক্ষুণ্ন হয়। উল্লিখিত তথ্যের ভিত্তিতে আপনি জনাব মোঃ মশিয়ার রহমান (বিপি-৮৮১৪১৬৬২৮৪), সহকারী পুলিশ সুপার এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগে অভিযোগ বিবরণী জারি করা হয়; এবং

৪। যেহেতু, আপনি সহকারী পুলিশ সুপার জনাব মোঃ মশিয়ার রহমান (বিপি-৮৮১৪১৬৬২৮৪) আপনার উল্লিখিত কার্যকলাপ দ্বারা এমন আচরণ প্রদর্শন করেছেন যা বিভাগীয় শৃঙ্খলা পরিপন্থী, অকর্মকর্তাসুলভ তথা অসদাচরণের শামিল; এবং

৫। যেহেতু, আপনি কারণ দর্শানোর জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন। তদপ্রেক্ষিতে আপনার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। আপনার কারণ দর্শানোর জবাব এবং প্রাসঙ্গিক সকল তথ্যাদি পর্যালোচনা করে আনীত অভিযোগসমূহ প্রমাণিত হয়েছে; এবং

৬। সেহেতু, সার্বিক পর্যালোচনান্তে আপনি জনাব মোঃ মশিয়ার রহমান (বিপি-৮৮১৪১৬৬২৮৪), সহকারী পুলিশ সুপার, বর্তমানে সাময়িক বরখাস্ত এবং রেঞ্জ ডিআইজি অফিস, সিলেটে সংযুক্ত এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় অপরাধের গুরুত্ব বিবেচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ২(ক) মোতাবেক আপনাকে “তিরস্কার” দণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৩০.২০১৮-৫৬৮**—যেহেতু, আপনি জনাব আবদুর রাজ্জাক মিয়া (বিপি-৮৪১২১৪৭৬৫২) সাবেক সহকারী পুলিশ সুপার (সদর) শরীয়তপুর জেলা বর্তমানে সাময়িক বরখাস্ত গত ১৭-১০-২০২৫ হতে ২৯-১১-২০১৫ এবং ২১-০১-২০১৬ তারিখ হতে ১৩-০২-২০১৬ তারিখ পর্যন্ত র‌্যাব-৬, সিপিসি-২, গাংনী ক্যাম্পের কমান্ডার হিসেবে দায়িত্বরত থাকাকালে আপনার স্ত্রী এবং শ্বশুরকে ক্যাম্পের গাড়ি দিয়ে পাবনায় নামিয়ে দিয়ে আসা হয়। পাবনা গাংনী ক্যাম্পের দায়িত্বশীল এলাকার বাইরে হওয়া সত্ত্বেও আপনি উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে পাবনায় সরকারি গাড়ি পাঠানোর নির্দেশ দেন। তাছাড়াও আপনি বিবাহ বর্হিভূত একাধিক নারীর সাথে অনৈতিক সম্পর্ক এবং বিভিন্ন সময়ে একাধিক নারীর সাথে কুরুচিপূর্ণ ফোনালাপ করেন। সে কারণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক “অসদাচরণ” এর অভিযোগে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করা হয়; এবং

যেহেতু, আপনি কারণ দর্শানোর জবা প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন। তদপ্রেক্ষিতে আপনার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। আপনার কারণ দর্শানোর জবাব এবং প্রাসঙ্গিক সকল তথ্যাদি পর্যালোচনায় আপনার বক্তব্য গ্রহণযোগ্য না হওয়ায় এবং অভিযোগের সত্যতা সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মতে “অসদাচরণ” এর অভিযোগে দোষী সাব্যস্থক্রমে লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সেহেতু, সার্বিক পর্যালোচনান্তে আপনি জনাব আবদুর রাজ্জাক মিয়া (বিপি-৮৪১২১৪৭৬৫২) সাবেক সহকারী পুলিশ সুপার (সদর) শরীয়তপুর জেলা বর্তমানে সাময়িক বরখাস্ত এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় প্রমাণিত অপরাধের গুরুত্ব বিবেচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ২(ক) মোতাবেক “তিরস্কার” দণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ২১ কার্তিক ১৪৩১/০৬ নভেম্বর ২০২৪

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৯৪.২৪-৫৭৯**—যেহেতু, আপনি নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব আবু সায়িদ মোঃ ওয়াহেদুজ্জামান বগুড়া জেলার আদমদীঘি থানার অফিসার ইনচার্জ (বর্তমানে ঠাকুরগাঁও জেলায় কর্মরত) হিসেবে কর্মরত থাকাকালে এপিবিএন-এ বদলি আদেশ হয়। আপনি শারীরিকভাবে অসুস্থ হলে ০৬-০৯-২০১৮ খ্রিঃ হতে ১৭-০৯-২০১৮ খ্রিঃ পর্যন্ত বগুড়া মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন থাকার পর ডাক্তার আপনাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করলে আপনি ব্যক্তিগত উদ্যোগে হাসপাতাল, ঢাকায় ভর্তি হয়ে পিত্তথলির অপারেশন করান। স্কয়ার হাসপাতালে ১৭-০৯-২০১৮ খ্রিঃ হতে ২৩-০৯-২০১৮ খ্রিঃ পর্যন্ত চিকিৎসা শেষে স্কয়ার হাসপাতালের ডাক্তার কর্তৃক আপনাকে ১ মাসের রেস্ট দেয়। আপনি যথাসময়ে কর্মস্থলে যোগদান না করে এবং কর্তৃপক্ষকে অবহিত না করে সুপারিন্টেনডেন্ট, বিভাগীয় পুলিশ হাসপাতাল, রাজশাহী বরাবরে ২৯-১০-২০১৮ খ্রিঃ চিকিৎসাজনিত ছুটির আবেদন করলে আপনাকে ৩ সপ্তাহের রেস্ট প্রদান করা হয়। পরবর্তীতে আপনি ২২-১১-২০১৮ খ্রিঃ কর্মস্থলে হাজির হন এবং ২৫-১১-২০১৮ খ্রিঃ এপিবিএন-এ যোগদানের উদ্দেশ্যে কর্মস্থল ত্যাগ করেন। অতঃপর আপনি ০৬-০৯-২০১৮ খ্রিঃ হতে ২২-১১-২০১৮ খ্রিঃ পর্যন্ত ৭৭ দিন চিকিৎসাজনিত ভূতাপেক্ষ ছুটির আবেদন করেন। স্কয়ার হাসপাতালের ডাক্তার কর্তৃক ২৩-০৯-২০১৮খ্রিঃ প্রদত্ত রেস্ট শেষে আপনি ২২-১০-২০১৮ খ্রিঃ নিকটবর্তী রাজশাহী বিভাগীয় পুলিশ হাসপাতালে হাজির না হয়ে পরবর্তী সপ্তাহে অর্থাৎ ২৯-১০-২০১৮ খ্রিঃ হাজির হেয় ৩ সপ্তাহের রেস্ট গ্রহণ করেন। আপনি ২২-১০-২০১৮ খ্রিঃ হতে ২৮-১০-২০১৮ খ্রিঃ পর্যন্ত অননুমোদিতভাবে নিজ দায়িত্বে কর্মস্থলের বাইরে অবস্থান করেন। আপনার অনুপস্থিতে পুলিশ পরিদর্শক জনাব মোঃ মনিরুল ইসলামকে আদমদীঘি থানার অফিসার ইনচার্জ হিসেবে পদায়নের জন্য গত ২৭-০৯-২০১৮ খ্রিঃ প্রেরণ করা হয়। আপনি গত ১৫-১০-২০১৮ খ্রিঃ আদমদীঘি থানায় গেলেও অফিসার ইনচার্জের দায়িত্বভার হস্তান্তর না করে পুনরায় থানা ত্যাগ করেন। তিনি উল্লিখিত কার্যকলাপ দ্বারা এমন আচরণ প্রদর্শন করেছেন, যা অকর্মকর্তাসুলভ, কর্তৃপক্ষের আদেশ অমান্য, বিভাগীয় শৃঙ্খলা পরিপন্থী এবং অসদাচরণ হিসেবে পরিগণিত মর্মে বিভাগীয় মামলার তদন্তকারী কর্মকর্তা জনাব মোঃ মোসফেকুর রহমান, বিপি-৮৪১৩১৫৯৩৬৮, অতিঃ উপ-পুলিশ কমিশনার (উত্তর), কেএমপি, খুলনা মতামত প্রদান করেন। তদন্তকারী কর্মকর্তার মতামতের সহিত একমত পোষণ পূর্বক পুলিশ পরিদর্শক জনাব আবু সায়িদ মোঃ ওয়াহেদুজ্জামান' কে দোষী সাব্যস্ত করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(খ) মোতাবেক 'লঘুদণ্ড' হিসেবে '০৩ (তিন) বছরের জন্য বেতন বৃদ্ধি স্থগিত' এর আদেশ প্রদান করা হয়। প্রদত্ত দণ্ডে সংক্ষুব্ধ হয়ে আপনি এ বিভাগে আপিল আবেদন করেন; এবং

২। যেহেতু, আপনার আবেদন অনুযায়ী গত ৩০-১০-২০২৪ তারিখ তার আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকার পক্ষের প্রতিনিধি অভিযোগের স্বপক্ষে বক্তব্য রাখেন। অপরদিকে আপনি আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকারপূর্বক দণ্ড মওকুফের প্রার্থনা করেন; এবং

৩। যেহেতু, আনীত অভিযোগ, আপনার দাখিলকৃত লিখিত জবাব, আপিল শুনানি কালে পক্ষগণের বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় আপনার অভিযোগ অস্বীকারের বিষয়টি গ্রহণযোগ্য মর্মে প্রতিয়মান না হওয়ায় আপনাকে দোষী সাব্যস্তকরণের সিদ্ধান্তে হস্তক্ষেপ করার কোনো কারণ না থাকায়; এবং

৪। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের গুরুত্ব ধরন ও মাত্রা বিবেচনায় ন্যায় বিচারের স্বার্থে আপনাকে তিরস্কার দণ্ডে দণ্ডিত করা সমীচীন মর্মে প্রতীয়মান হয়;

৫। সেহেতু, বগুড়া জেলার আদমদীঘি থানার সাবেক অফিসার ইনচার্জ, নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব আবু সায়িদ মোঃ ওয়াহেদুজ্জামান (বিপি-৬৯৯৮০৬৬৮৬১) বর্তমানে ঠাকুরগাঁও জেলায় কর্মরত-কে প্রদত্ত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(খ) মোতাবেক 'লঘুদণ্ড' হিসেবে '০৩(তিন) বছরের জন্য বেতন বৃদ্ধি স্থগিত' এর আদেশ দণ্ডাদেশ হ্রাস করে বিধি-৪(২)(ক) মোতাবেক 'তিরস্কার' দণ্ডের আদেশ প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ১৫ কার্তিক ১৪৩১/৩১ অক্টোবর ২০২৪

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৮৬.২০২৪-৫৭০**—যেহেতু, আপনি জনাব সৌমেন মৈত্র, (বিপি-৮৩১১১৩৬৩০৯), এসএমপি, সিলেটের কোতয়ালী মডেল থানার সাবেক নিরস্ত্র পুলিশ পরিদর্শক, থাকা কালে আলোচ্য ঘটনার ভিকটিম রায়হান আহমেদ (৩৫) ১২-১০-২০২০ খ্রিঃ তারিখ সকাল ০৭:৫০ ঘটিকায় মৃত্যুবরণ করার বিষয়টি অভিযুক্ত পুলিশ পরিদর্শক অবহিত হওয়া সত্ত্বেও তাৎক্ষণিকভাবে ঘটনাস্থল অর্থাৎ বন্দরবাজার পুলিশ ফাঁড়িতে যাননি ও সংঘটিত ঘটনার প্রকৃত রহস্য উদঘাটনে কোনোরূপ উদ্যোগ গ্রহণ করেননি এমনকি গুরুত্বপূর্ণ আলামতসমূহ জব্দ করার চেষ্টাও করেননি। ফলশ্রুতিতে বন্দরবাজার পুলিশ ফাঁড়িতে স্থাপিত সরকারি সিসি ক্যামেরার ফুটেজসহ ঘটনার অন্যান্য গুরুত্বপূর্ণ আলামত বিনষ্ট হয়ে যায়। এ বিষয়ে এসএমপি, সিলেট কোতোয়ালী মডেল থানায় অজ্ঞাতনামা আসামীদের বিরুদ্ধে মামলা নং-২০, তাং ১২-১০-২০ খ্রিঃ ধারা ৩০২/৩৪ পেনাল কোড, তৎসহ নির্যাতন এবং হেফাজতে মৃত্যু (নিবারণ) আইন, ২০১৩ এর ১৫(১)(২)(৩) ধারা রুজু হয়। ভিকটিম রায়হানের মৃত্যুর ঘটনায় এসআই(নিরস্ত্র) মোঃ আকবার হোসেন ভূইয়া, বিপি-৮৮১৪১৭১১১৮ সাবেক ইনচার্জ, বন্দরবাজার পুলিশ ফাঁড়ি, এসএমপি, সিলেটের সংশ্লিষ্টতা রয়েছে এবং সে গত ১২-১০-২০২০ খ্রিঃ তারিখ ১৫:৩০ ঘটিকা পর্যন্ত কর্মস্থলে অবস্থান করলেও অভিযুক্ত পুলিশ পরিদর্শক জনাব সৌমেন মৈত্র তাকে নিয়ন্ত্রণে রেখে উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে গ্রেফতার করার ব্যাপারে কোনোরূপ উদ্যোগ গ্রহণ করেননি। উক্ত অভিযোগে তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ক) মোতাবেক 'গুরুদণ্ড' ০১ (এক) বছরের জন্য "নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ" এর আদেশ প্রদান করা হয়। প্রদত্ত দণ্ডে সংক্ষুব্ধ হয়ে তিনি এ বিভাগে আপিল আবেদন করেন; এবং

২। যেহেতু, তার আবেদন অনুযায়ী গত ২৩-১০-২০২৪ তারিখ আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকার পক্ষের প্রতিনিধি অভিযোগের স্বপক্ষে বক্তব্য রাখেন। অপরদিকে অভিযুক্ত কর্মকর্তা তার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকারপূর্বক দণ্ড মওকুফের প্রার্থনা করেন;

৩। যেহেতু, আনীত অভিযোগ, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত লিখিত জবাব, আপিল শুনানি কালে পক্ষগণের বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগের সত্যতা পাওয়া যায়নি মর্মে প্রতীয়মান হয়;

৪। সেহেতু, জনাব সৌমেন মৈত্র (বিপি-৮৩১১১৩৬৩০৯) পুলিশ পরিদর্শক (তদন্ত) কোতয়ালী মডেল থানার এসএমপি, সিলেট তৎকালীন অফিসার ইনচার্জ-কে প্রদত্ত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ক) মোতাবেক 'গুরুদণ্ড' ০১ (এক) বছরের জন্য "নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ" দণ্ডাদেশ সার্বিক পর্যালোচনায় মওকুফ করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ২১ কার্তিক ১৪৩১/০৬ নভেম্বর ২০২৪

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৯৩.২০২৪-৫৮০**—যেহেতু, আপনি জনাব মোঃ মিজানুর রহমান খাঁন (বিপি-৬৮৯১১৬৫৪৪৩), বর্তমানে কোর্ট পুলিশ পরিদর্শক, মহানগর কোর্ট, জিএমপি, গাজীপুর খুলনা জেলার দাকোপ থানায় কর্মরত থাকাবস্থায় গত ১১-০৫-২০১৫ খ্রিঃ রাত অনুমান ০৯:০০ ঘটিকায় মাছের ঘেরের লীজ সংক্রান্ত বিরোধের জের ধরে জনৈক ভূপতি সরকার তার লাইসেন্সকৃত বন্দুক দিয়ে প্রতিপক্ষ বিমল কৃষ্ণ সরদার-কে ২ (দুই) রাউন্ড গুলি করে। এই ঘটনার পরিপ্রেক্ষিতে আপনার নির্দেশে খুলনা দাকোপ থানার এসআই নিশিকান্ত সরকারের নেতৃত্বে আসামী ভূপতি সরকারকে গ্রেফতার করে থানায় নিয়ে আসলে আপনি তাকে মামলার ভয় দেখিয়ে তার নিকট হতে ৩ লক্ষ টাকা দাবী করেন। পরে দর কষাকষি করে ভূপতি সরকার ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা দিবেন মর্মে স্বীকার করে তার শ্বশুরের নিকট হতে ৬০,০০০/- (ষাট হাজার) টাকা ধার নিয়ে গত ১২-০৭-২০১৫ খ্রিঃ অভিযুক্তকে তার অফিস কক্ষে উক্ত ৬০০০০/- (ষাট হাজার) টাকা নিজ হাতে প্রদান করেন। ফলশ্রুতিতে আপনি ভূপতি সরকারের বিরুদ্ধে মামলা না নিয়ে সু-কৌশলে ফৌঃকাঃবিঃ ৫৪ ধারা মতে গ্রেফতার দেখিয়ে বিজ্ঞ আদালতে চালান করে দেন। ভূপতি সরকার গত ২৭-০৭-২০১৫ খ্রিঃ জামিনে কারা মুক্ত হয়ে আপনাকে নিজ হাতে বাকী ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকাসহ মোট ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা প্রদান করেন। ভিকটিম বিমল কৃষ্ণ সরদার খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন থাকাবস্থায় তার স্ত্রী মমতা রানী সরদার ভূপতি সরকারের বিরুদ্ধে এজাহার দায়ের করলে ভূপতি সরকারের কাছ থেকে আপনি ৬০,০০০/- (ষাট হাজার) টাকা আদায় করে আপোষ করে দিবেন মর্মে জানান। কিন্তু আপনি ৬০,০০০/-(ষাট হাজার) টাকা না দিয়ে মাত্র ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা বিমল কৃষ্ণ সরদার-কে প্রদান করেন। তাছাড়া গত ২০-০৪-২০১৫ খ্রিঃ বেলা ০১.০০ ঘটিকায় ভিটাভাঙ্গা গ্রাম হতে জনৈক কনিকা শীল ও মাহবুব সানার ২টি গরু চুরি হয়। গরু চুরির তথ্য উদঘাটিত হওয়ায় ঘটনার ২ দিন পর উক্ত মাহাবুব সানা ও কনিকা শীল অপর গরুর মালিক সহ দাকোপ থানায় উপস্থিত হয়ে আপনার নিকট বিস্তারিত ঘটনা বলেন এবং এ সংক্রান্তে মাহাবুব সানা ১টি লিখিত এজাহার দায়ের করেন। অতঃপর দীর্ঘ ৩ (তিন) মাসের অধিক বিলম্বে গত ০৬-০৮-২০১৫ খ্রিঃ উক্ত মাহাবুব সানার এজাহারের ভিত্তিতে নিয়মিত মামলা রুজু করেন। তদন্ত ও সাক্ষ্য প্রমাণে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয় যা অসদাচরণ ও দুর্নীতির শামিল। তদন্ত প্রতিবেদন পর্যালোচনান্তে আপনার বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হয়। সামগ্রিক পর্যালোচনায় অভিযোগের গুরুত্ব বিবেচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(খ) মোতাবেক আপনাকে "লঘুদণ্ড" হিসেবে "০১ (এক) বছরের জন্য ১টি বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত" এর আদেশ প্রদান করা হয়। প্রদত্ত দণ্ডে সংক্ষুব্ধ হয়ে আপনি এ বিভাগে আপিল আবেদন করেন; এবং

২। যেহেতু, আপনার আবেদন অনুযায়ী গত ৩০-১০-২০২৪ তারিখ আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকার পক্ষের প্রতিনিধি অভিযোগের স্বপক্ষে বক্তব্য রাখেন। অপরদিকে আপিলকারী কর্মকর্তা আপনি আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকারপূর্বক দণ্ড মওকুফের প্রার্থনা করেন; এবং

৩। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ, দাখিলকৃত লিখিত জবাব, আপিল শুনানি কালে পক্ষগণের বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণের বিষয়ে দণ্ড প্রদানকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তে হস্তক্ষেপ করার কোনো কারন নেই; এবং

৪। যেহেতু, অভিযোগের ধরন, গুরুত্ব ও মাত্রা বিবেচনায় প্রদত্ত দণ্ড মাত্রাতিরিক্ত প্রতীয়মান হওয়ায় ন্যায় বিচার প্রতিষ্ঠার নিমিত্ত উক্ত দণ্ড হ্রাস করা আবশ্যক মর্মে প্রতীয়মান হয়;

৫। সেহেতু, আপনি মোঃ মিজানুর রহমান খাঁন (বিপি-৬৮৯১ ১৬৫৪৪৩), বর্তমানে কোর্ট পুলিশ পরিদর্শক, মহানগর কোর্ট, জিএমপি, গাজীপুর-কে প্রদত্ত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(খ) মোতাবেক প্রদত্ত '০১ (এক) বছরের জন্য ১টি বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত' আদেশ পরিবর্তনপূর্বক 'তিরস্কার' দণ্ডের আদেশ প্রদান করা হল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোহাম্মদ আবদুল মোমেন**
সিনিয়র সচিব।

**পুলিশ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৭ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ/১২ নভেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৪৪.০০.০০০০.০৯৪.২৭.০২৬.২১.১৬১৯**—যেহেতু, জনাব শাহেন শাহ্ (বিপি-৮৩১০১২৬৮১৪), অতিরিক্ত পুলিশ সুপার (সুপারনিউমারারি পুলিশ সুপার পদে পদোন্নতিপ্রাপ্ত), সাবেক অতিরিক্ত উপপুলিশ কমিশনার (অ্যাডমিন অ্যান্ড সাপোর্ট সার্ভিস), ডিবি, ডিএমপি, ঢাকা-কে নিউমার্কেট থানা ডিএমপির মামলা নং-০৪, তারিখ: ২১-৮-২০২৪ খ্রি. ধারা-১৪৩/১৪৭/৩২৩/৩০৭/৩০২/ ১০৯/১১৪/৩৪ পেনাল কোড-১৮৬০; তৎসহ ৩/৬ তৎসহ বিস্ফোরক উপাদানাবলী আইন ১৯০৮ এর ৩/৬ ধারায় গত ১৭-১০-২০২৪ তারিখে গ্রেফতার করে বিজ্ঞ আদালতে প্রেরণ করা হয়েছে;

সেহেতু, জনাব শাহেন শাহ্-কে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সালের ৫৭ নং আইন) এর ৩৯(২) ধারার বিধান অনুযায়ী ১৭-১০-২০২৪ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো;

সাময়িক বরখাস্তকালীন তিনি রংপুর রেঞ্জ ডিআইজির কার্যালয়ে সংযুক্ত থাকবেন এবং বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন;

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোহাম্মদ আব্দুল মোমেন**
সিনিয়র সচিব।

---

**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৭ কার্তিক ১৪৩১/১২ নভেম্বর ২০২৪

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২১.২৪-১৮২৬**—বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম-এর সুপারিশের প্রেক্ষিতে কোতোয়ালী থানার মামলা নম্বর-৫২, তারিখ: ৩১-১০-২০২৪ অনুযায়ী অভিযুক্তগণের বিরুদ্ধে দণ্ডবিধি, ১৮৬০ এর অধ্যায় ৬ এর অন্তর্ভুক্ত ১২৪(ক) ধারামতে মামলা দায়েরের লক্ষ্যে ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬(ক) ধারার বিধান মোতাবেক সরকারের ভূতাপেক্ষ পূর্বানুমোদন (Sanction) প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো: আবদুল হাই**
সিনিয়র সহকারী সচিব।

---

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**মজুরি বোর্ড শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৩ অগ্রহায়ণ, ১৪৩১/১৮ নভেম্বর, ২০২৪

নং **৪০.০০.০০০০.০১৬.০১৮.০০১.২৪-১৭৩**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৩৮ উপ-ধারা (২) ও (৪) এর বিধান মোতাবেক সরকার নিম্নলিখিত ব্যক্তিগণকে নিম্নতম মজুরি বোর্ডের সদস্য নিয়োগ করিল, যথা:

**নিরপেক্ষ সদস্য:**

১। জনাব মো: নাজিম উদ্দিন ভূঁইয়া এফসিএমএ, অধ্যাপক (গ্রেড-১), একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, স্থায়ী ঠিকানা-পূর্ব বিঘা, কাঞ্চনপুর, রামগঞ্জ, লক্ষীপুর, বর্তমান ঠিকানা-৩২/সি, ঈসা খান আ/এ, ফুলার রোড, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা, মোবাইল-০১৮১৮৯৪৬৩৬৮, nazim15765@gmail.com. nazim@du.ac.bd.nazim bhuiyan@yahoo.com

**মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য:**

২। জনাব আসিফ আইয়ুব, যুগ্ম-সচিব, বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন, চেম্বার বিল্ডিং (৫ম তলা), ১২২-১২৪, মতিঝিল, ঢাকা-১০০০, aayub.bd@gamil.com মোবাইল নং-০১৮৭৫২১৮৪০৫।

**শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য:**

৩। জনাব আনোয়ার হোসাইন, সভাপতি, বাংলাদেশ জাতীয়তাবাদী শ্রমিক দল (রেজিঃ নং-বাজাফে-০৭), ২৮/১, নয়াপল্টন (৫ম তলা) ঢাকা, anwarbjsd@gamil.com মোবাইল নং ০১৭৯৮৫৭৮১৮২।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফারজানা সুলতানা**
যুগ্মসচিব।